347

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 1 1999 ... ...
পৃষ্ঠা 2 কলাম ৩ ......

## ভিসি অফিসের সামনে ছাত্র ঐক্যের অবস্থান ধর্মঘট পালন

তদন্ত রিপোর্ট প্রকাশে দীর্ঘসূত্রিতার প্রতি-বাদ জানিয়ে এবং আজ সোমবারের মধ্যে পরিবেশ পরিষদের মাধ্যমে তদন্ত রিপোর্ট প্রকাশ, অভিযুক্ত শিক্ষকের বিচার, প্রক্টো-রিয়াল আইনের সংশোধনীসহ অবিলম্বে ৪ দফা বাস্তবায়নের দাবিতে গতকাল বেলা ১২ টায় কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভি সি অফিসের সামনে অবস্থান ধর্মঘটের কর্মসূচি পালন করে। ধর্মঘট চলাকালে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সাইফুর রহমান তপন, মঞ্জুর এ খোদা টরিক, সাব্বাহ আলী খান কলিন্স ও মহসিন সরকার।